# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ বিদআতী নামায

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্বালাতুল হিফয

কুরআন হিফয সহজ হওয়ার উদ্দেশ্যে জুমআর রাতে ৪ রাকআত এই নামায পড়া হয়। এর প্রথম রাকআতে সূরা ফাতিহার পর সূরা ইয়াসীন, দ্বিতীয় রাকআতে সূরা ফাতিহার পর সূরা দুখান, তৃতীয় রাকআতে ফাতিহার পর সূরা সাজদাহ এবং চতুর্থ রাকআতে ফাতিহার পর সূরা মুলক পড়া হয়। আর এর শেষে লম্বা দুআ করা হয়। এ আমলের জন্য যেহাদীস বর্ণনা করা হয় তা জাল ও মনগড়া হাদীস। (তিরমিযী, সুনান ৭১৯, সিলসিলাহ যায়ীফাহ, আলবানী ৩৩৭৪নং) বিধায় তা বিদআত। (মু’জামুল বিদা’ ৩৩৯পৃ:)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3062

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন